# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www. Sylhetboard.gov.bd,sylschoolsection.@gmail.com


স্মারক নং : সিশিবো/ বিদ্যা/ রেজিঃ/২০২৩ / ৩১৪৫

তারিখ: ২৫ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ
১১ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **২০২৩ শিক্ষাবর্ষে অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন প্রসঙ্গে।**

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সরকারি ও বেসরকারি নিম্ন/মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩ সনে অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত নির্দেশাবলী, ফি এবং সময়সূচি অনুযায়ী অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

## নির্দেশাবলীঃ

১. শিক্ষার্থীর নাম জন্ম নিবন্ধন মোতাবেক এবং পিতা-মাতার নাম জাতীয় পরিচয়পত্র অনুয়ায়ী এন্ট্রি করতে হবে।

২. ২০২৩ সনের অস্টম শ্রেণির অনলাইন রেজিস্ট্রেশনের জন্য বিগত সনের অষ্টম শ্রেণির রেজিস্ট্রেশনের Log In Password ব্যবহার করতে হবে।

**৩. বিদ্যমান নীতিমালা অনুযায়ী অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত বছরের ৩১ ডিসেম্বর শিক্ষার্থীর বয়স ন্যূনতম ১২ (বার) বছর হতে হবে এবং ১৭ (সতের) বছরের বেশি বয়সের ছাত্র/ছাত্রী রেজিস্ট্রেশন করতে পারবে না। অর্থাৎ ২০২৩ সনের অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের বয়স ৩১/১২/২০২৩ খ্রি. এ ন্যূনতম ১২(বার) বছর হতে হবে এবং ১৭ (সতের) বছরের উর্ধ্বে হবে না।**

৪. রেজিস্ট্রেশনের সময় শিক্ষার্থীর নাম, পিতা ও মাতার নামের পূর্বে মি. মিসেস, মরহুম, মেজর, কর্নেল, ব্রিগেডিয়ার, ডাক্তার, ড. শ্রী, শ্রীমতি,পাদ্রী, ফাদার, ভিক্ষু ইত্যাদি এবং নামের শেষে পদবি ছাড়া এম এ, বি এ, এফআরসিএস ইত্যাদি লেখা যাবে না।

৫. শিক্ষার্থীর ছবি UPLOAD করার সময় খুবই সতর্কতা অবলম্বন করতে হবে যাতে একজনের ছবির পরিবর্তে অন্য জনের ছবি UPLOAD হয়ে না যায়।

৭. **অনলাইনে রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম:**

| | | |
|---|---|---|
| **রেজিস্ট্রেশন** শুরুর তারিখ | : | **১৩/০৭/২০২৩ খ্রি.** |
| শেষ তারিখ | : | **১৪/০৮/২০২৩ খ্রি.** |
| ৮.সোনালী ব্যাংকে ফি **জমাদানের** শেষ তারিখ | : | **১৬/০৮/২০২৩ খ্রি.** এর মধ্যে |
| ৯. **ফাইনালাইজেশনের তারিখ** | : | **২০/০৮/২০২৩ খ্রি.** |

উল্লেখ্য, ব্যাংকে টাকা জমাদানের মূলকপি ও ই-রেজিস্ট্রেশনের এর মূল প্রিন্ট কপি (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

১০. যেহেতু বিলম্ব ফি দিয়ে অনলাইন রেজিস্ট্রেশনের সুযোগ নেই তাই নির্ধারিত সময়ের মধ্যেই শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

### জেএসসি অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত খাতওয়ারী ফি এর হার নিম্নরূপঃ

ক. রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি)--------------------------------------------------৫০.০০
খ. ক্রীড়া ফি ( শিক্ষার্থী প্রতি) --------------------------------------------------------৩০.০০
গ. রেড ক্রিসেন্ট ফি ( শিক্ষার্থী প্রতি)------------------------------------------------ ২৪.০০
ঘ. অন্ধকল্যাণ ফি ( শিক্ষার্থী প্রতি) ------------------------------------------------- ৫.০০
ঙ. জাতীয় স্কুল ক্রীড়া এ্যাফিলিয়েশন ফি ( প্রতিষ্ঠান প্রতি) --------------------------------৩০০.০০
চ. উন্নয়ন ফি ( শিক্ষার্থী প্রতি) --------------------------------------------------------২৫.০০

**প্রাপক: অধ্যক্ষ / প্রধান শিক্ষক**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়
ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়(সরকারি ও বেসরকারি)

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১১.০৭.২০২৩

**(মোহাম্মদ মঈনুল ইসলাম)**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
sylschoolsection.@gmail.com

অবগতি ও কার্যার্থে অনুলিপি ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় )